**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 12/13/2021 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল JFK বিমানবন্দরে 9.5 বিলিয়ন মার্কিন ডলারের বিশ্বমানের আন্তর্জাতিক টার্মিনাল নির্মাণের পরিকল্পনা ঘোষণা করলেন

***2.4 মিলিয়ন বর্গফুট আন্তর্জাতিক টার্মিনালটি বিভিন্ন পর্যায়ে বর্তমান T1, T2, এবং প্রাক্তন T3-র সাইটে নির্মিত হবে***

***বেসরকারি অংশীদারগণ টার্মিনালের সম্পূর্ণ খরচ বহন করতে অর্থায়ন প্রদান করবে; পোর্ট অথোরিটি সমর্থক রাস্তা ও ইউটিলিটি অবকাঠামো নির্মাণ করবে***

***2022 সালে কাজ শুরু করা হবে প্রত্যাশিত হচ্ছে; নতুন গেট সচল হবে 2026 সালে***

***প্রকল্পটি 10,000-র বেশি মোট কর্মসংস্থান এবং 6,000 নির্মাণ কর্মসংস্থান সৃষ্টি করবে***

***বিশ্বমানের যাত্রী সুবিধা, অত্যাধুনিক নিরাপত্তা এবং সুবিন্যস্ত রোডওয়ে ব্যবহারের সুযোগসহ একটি সমন্বিত, আধুনিক বিমানবন্দরের পরিকল্পনা অগ্রসর হলো***

***চুক্তি ও অর্থায়ন স্বার্থের জন্য 30 শতাংশ MWBE লক্ষ্য থাকবে;<br>সম্প্রদায়ের উপদেষ্টা পরিষদের নির্দেশনায় স্থানীয় ব্যবসা ও চাকরি সন্ধানীদের জন্য বিস্তৃত সুযোগ***

***রেন্ডারিং এখানে পাওয়া যাবে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে জন এফ. কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরের ( John F. Kennedy International Airport) দক্ষিণ পাশকে স্থিতিশীলকারী একটি 2.4 মিলিয়ন বর্গফুট অত্যাধুনিক নতুন আন্তর্জাতিক টার্মিনাল নির্মাণ করতে নিউ ইয়র্ক এবং নিউ জার্সির পোর্ট অথোরিটি (Port Authority) নতুন টার্মিনাল এক (New Terminal One, NTO) এর ব্যাপারে একটি সংশোধিত চুক্তিতে পৌঁছাতে পেরেছে, যা হল আর্থিক স্পনসরদের একটি কনসোর্টিয়াম। 9.5 বিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পটি কয়েকটি পর্যায়ে নির্মিত হবে এবং 10,000-র বেশি কর্মসংস্থান সৃষ্টি করবে, এটি নিউ ইয়র্ক ও অঞ্চলটির যোগ্য একটি বিশ্বমানের বিমানবন্দর হিসেবে JFK-র সম্পূর্ণ রূপান্তরের অংশ হিসেবে পোর্ট অথোরিটির ঘোষিত চতুর্থ বড় টার্মিনাল প্রকল্প। শেষ হওয়ার পর, নতুন টার্মিনাল এক JFK-র সর্ববৃহৎ আন্তর্জাতিক টার্মিনাল হবে এবং এটি বিশ্বের শীর্ষস্থানীয় বিমানবন্দর টার্মিনালগুলির একটি হওয়ার আশা রাখে।

"যেহেতু আমরা মহামারী থেকে পুনরুদ্ধারে কাজ করছি, তাই আমি নিশ্চিত করতে চাই যে নিউ ইয়র্কে ভ্রমণ করতে আসা সকলের যাতে একটি স্বাগত ও সুবিন্যস্ত অভিজ্ঞতা হয়, এবং যাতে নিউ ইয়র্কবাসীর নিকট আধুনিকায়িত পরিবহন হাব থাকে যা তাদের প্রাপ্য," **গভর্নর হোকল বলেন।** "বড় অবকাঠামো প্রকল্পের কাজ করার সময় এখনই, এবং আমি JFK-র একদম নতুন টার্মিনাল একের কাজ শুরু ও যত দ্রুত সম্ভব শেষ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ।"

পোর্ট অথোরিটির কমিশনার বোর্ড এই বৃহস্পতিবার তাদের মিটিংয়ে প্রস্তাবিত লিজ চুক্তিতে ভোট প্রদান করবে। টার্মিনালের সম্পূর্ণ খরচ বহন করবে বেসরকারিভাবে অর্থায়িত NTO কনসোর্টিয়াম যার মধ্যে রয়েছে আর্থিক অংশীদার কার্লাইল, JLC ইনফ্রাস্ট্রাকচার (Carlyle, JLC Infrastructure), এবং ইউলিকো (Ullico)। মিউনিখ আন্তর্জাতিক বিমানবন্দর (Munich Airport International) এবং CAG হোল্ডিংসের (CAG Holdings) একটি যৌথ উদ্যোগ হলো কনসোর্টিয়ামের পরিচালনা ও প্রযুক্তিগত পরিষেবা অংশীদার।

প্রকল্পের অংশ হিসাবে, পোর্ট অথোরিটি বেশ কয়েকটি অবকাঠামো উন্নয়ন ও উন্নতির কাজ হাতে নিবে যার মধ্যে থাকবে রাস্তা, পার্কিং এবং একটি নতুন বৈদ্যুতিক সাবস্টেশনসহ ইউটিলিটিসমূহ। নতুন টার্মিনাল এক তৈরি করা হবে বর্তমান ছোট আকারের এবং সেকেলে টার্মিনাল 1, পুরনো ও অচলপ্রায় 59 বছরের টার্মিনাল 2, এবং 2013 সালে ভেঙ্গে ফেলা প্রাক্তন টার্মিনাল 3-র সাইটগুলিতে। নতুন টার্মিনালের নির্মাণ কাজ 2022-এর মাঝামাঝি সময় শুরু হবে বলে নির্ধারিত আছে এবং প্রথম পর্যায়ের কাজ 2026 সালে খোলা দেওয়া হবে বলে আশা করা হচ্ছে, যার মধ্যে থাকবে নতুন আগমন ও প্রস্থান হল এবং নতুন গেটসমূহের প্রথম কয়েকটি।

প্রকল্পটির কাজ প্রাথমিকভাবে 2020 সালে শুরু হওয়ার নির্ধারিত ছিল। কোভিড-19 এর ফলে বিমান ভ্রমণে হওয়া মারাত্মক ক্ষতির কারণে, চুক্তির শর্তাবলী পুনরায় নির্ধারণ করা প্রয়োজন হয়। আজকে ঘোষিত পুনর্গঠিত চুক্তিটি JFK-কে সমন্বিত, একবিংশ শতাব্দীর বৈশ্বিক গেটওয়েতে রূপান্তরিত করার উচ্চাভিলাষী পরিকল্পনাকে বড় এক ধাপ এগিয়ে নিয়ে গেলো। নতুন টার্মিনালটি কয়েকটি পর্যায়ে নির্মিত হবে, যা নির্ভর করবে আন্তর্জাতিক যাত্রীর ট্র্যাফিক মাত্রার উপর, এবং এটির কাজ আনুমানিক 2030 সালের মধ্যে সম্পূর্ণ শেষ হবে বলে আশা করা হচ্ছে।

নতুন টার্মিনাল একে শেষপর্যন্ত 23টি নতুন গেট থাকবে, একইসাথে উজ্জ্বল এবং বাতাস চলাচল করতে পারে এমন চেক-ইন হল এবং গ্রাহকদের অভিজ্ঞতা বাড়ানোর জন্য এবং বিশ্বের সর্বোচ্চ রেটিং প্রাপ্ত বিমানবন্দর টার্মিনালের সাথে প্রতিযোগিতা করতে পারে এমনভাবে নকশা করা আগমনের স্থান থাকবে। গ্রাহকরা বিশ্বমানের, নিউ ইয়র্ক অনুপ্রাণিত খাওয়াদাওয়া এবং খুচরা সুযোগসুবিধা, এবং একইসাথে লাউঞ্জের স্থান, একটি ইনডোর সবুজ স্থান এবং পরিবারবান্ধব সুযোগসুবিধা উপভোগ করবেন। নতুন টার্মিনাল এক টেকসই হওয়া ও নিরাপত্তা, উভয় ক্ষেত্রে সর্বশেষ অগ্রগতিকে অন্তর্ভুক্ত করবে এবং এখানে নিউইয়র্কের অনন্য চেতনা যুক্ত করা হবে।

2018 সালের অক্টোবরে, লিজ প্রস্তাবগুলির একটি প্রতিযোগিতামূলক পর্যালোচনার পর, পোর্ট অথোরিটি বিমানবন্দরের উত্তর ও দক্ষিণ দিকে দুটি প্রধান নতুন আন্তর্জাতিক টার্মিনাল নির্মাণের

জন্য স্বতন্ত্র আলোচনায় প্রবেশ করে, যার ফলে JFK-র রূপান্তর হবে এবং অনুমিত যাত্রী বৃদ্ধির সাথে সঙ্গতি রাখার জন্য বিমানবন্দরের ধারণক্ষমতাকে বৃদ্ধি করা হবে।

আজকের ঘোষণা JFK বিমানবন্দরের ভবিষ্যতে, বিমান ভ্রমণের পূর্বের অবস্থায় ফিরে যাওয়া এবং অঞ্চলটির অর্থনৈতিক পুনরুদ্ধারের ক্ষেত্রে বেসরকারি খাতের উল্লেখযোগ্য আস্থার প্রতিফলন। পুনর্গঠিত চুক্তির একটি মুখ্য বক্তব্য হলো এই যে, লিজের মেয়াদ 2060 পর্যন্ত বর্ধিত করা হবে যাতে করে টার্মিনাল খোলার পর বেসরকারি বিনিয়োগকারীরা তাদের বহু বিলিয়ন ডলার বিনিয়োগ পুনরুদ্ধার করার পর্যাপ্ত সময় পায়। JFK বিমানবন্দরের মূল লিজে, যেখানে এটি 2050 সালে মেয়াদোত্তীর্ণ হবে বলা ছিলো, নিউ ইয়র্ক সিটির দশ-বছরের জরুরি সম্প্রসারণ NTO-র সাথে পুনর্গঠিত চুক্তির একটি জরুরি অংশকে সম্ভব করে।

এই সপ্তাহে, পোর্ট অথোরিটি বোর্ড ভোট প্রদান করবে
সম্পূর্ণ 2.9 বিলিয়ন মার্কিন ডলার তহবিলের অনুমোদন দিতে যা JFK পুনর্গঠন কর্মসূচির ( JFK Redevelopment program) জন্য পোর্ট অথোরিটির 2017-2026 মূলধন পরিকল্পনায় অন্তর্ভুক্ত ছিলো। তহবিল প্রদান করা হয়েছে JFK পুনর্গঠনের সরাসরি সমর্থনে অবকাঠামো সচল রাখার জন্য, যার মধ্যে রয়েছে রোডওয়ে উন্নয়ন, ইউটিলিটি, উন্নত পার্কিং ব্যবস্থা, একটি গ্রাউন্ড পরিবহন কেন্দ্র এবং এয়ারফিল্ডের কাজ। (এখন পর্যন্ত, পৃথক বোর্ড পদক্ষেপের মাধ্যমে তহবিলের 1.24 বিলিয়ন মার্কিন ডলার অনুমোদিত হয়েছে।) ফলে, পোর্ট অথোরিটি মূলধন 5:1 অনুপাতের বেশিতে বেসরকারি বিনিয়োগ ব্যবহার করছে, যখন আমরা JFK-র পুনর্গঠন কর্মসূচির চারটি প্রকল্পে প্রতিশ্রুতি দেওয়া মোট 15 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বেসরকারি বিনিয়োগ বিবেচনা করবো।

নতুন টার্মিনাল এক নির্মাণ 10,000-র বেশি মোট কর্মসংস্থান এবং 6,000 নির্মাণ কর্মসংস্থান সৃষ্টি করবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

NTO একটি বেসরকারি কনসোর্টিয়াম যা গঠিত হয়েছে কার্লাইল, JLC ইনফ্রাস্ট্রাকচার (2015 সালে লুপ ক্যাপিটাল (Loop Capital) ও ম্যাজিক জনসন এন্টারপ্রাইজেস (Magic Johnson Enterprises) দ্বারা গঠিত), এবং ইউলিকো (একমাত্র শ্রম-মালিকানাধীন বীমা ও বিনিয়োগ কোম্পানি) দিয়ে, এবং সমর্থিত হচ্ছে কারিগরি সেবাপ্রদানকারী রিচ এয়ারপোর্টসের (Reach Airports) দ্বারা, যা হলো মিউনিখ আন্তর্জাতিক বিমানবন্দর ও কার্লাইলের বিমানবন্দর প্ল্যাটফর্ম, CAG হোল্ডিংসের একটি যৌথ উদ্যোগ। NTO একটি নকশা ও স্থাপত্য ফার্ম, AECOM টিশম্যান, অ্যান্ড জেন্সলারের (AECOM Tishman, and Gensler) নেতৃত্বে একটি নকশা নির্মাণ দল বাছাই করেছে।

একটি সংখ্যালঘু-মালিকানাধীন ইকুইটি বিনিয়োগকারী হিসেবে প্রকল্পটিতে JLC-র অংশগ্রহণ লক্ষণীয়, এটি শুধু নির্মাণ কাজের মতো পণ্য ও সেবা প্রদান ছাড়াও এধরনের মুখ্য সরকারি-বেসরকারি অংশীদারিত্বে বিনিয়োগের মাধ্যমে MWBE ফার্মের সম্পদ সৃষ্টিতে স্টেটের ট্রেন্ড অব্যাহত রাখে না, বরং এটি তা করছে 30 শতাংশ পর্যায়ে যা ঐতিহাসিক এবং দেশের নেতৃস্থানীয়।

নতুন টার্মিনাল একে যাত্রী সুবিধাগুলির মধ্যে থাকবে উল্লেখযোগ্যভাবে বৃহত্তর চেক-ইন, উঁচু ছাদসহ নিরাপত্তা এবং কনসেশন এলাকা, প্রাকৃতিক আলো এবং আধুনিক স্থাপত্যের সাথে অভ্যন্তরীণ সবুজ স্থান, নিউ ইয়র্কের আইকনিক ল্যান্ডমার্ক এবং স্থানীয় শিল্পীদের শিল্পকর্মের প্রদর্শনী। বিশ্বমানের খুচরা বিক্রয়, রেস্টুরেন্ট এবং বারগুলিতে স্থানীয়ভাবে অনুপ্রাণিত রেস্টুরেন্ট, ক্র্যাফট পানীয় এবং টেস্ট নিউ ইয়র্ক দোকান অন্তর্ভুক্ত থাকবে। বিনামূল্যে, উচ্চ-গতির ওয়াই-ফাই এবং পুরো টার্মিনাল অনেকগুলি চার্জিং স্টেশন যাত্রীদের তাদের যাত্রার প্রতিটি ধাপে সংযুক্ত থাকতে দিবে।

নতুন টার্মিনালে অত্যাধুনিক প্রযুক্তি গ্রাহকদের অভিজ্ঞতা ও নিরাপত্তা আরো বর্ধিত করবে, যার মধ্যে থাকবে স্পর্শবিহীন যাত্রী যাত্রা, ডিজিটাল যাত্রী প্রবাহ ও লাইন ব্যবস্থাপনা, TSA নিরাপত্তা লেন যেখানে থাকবে সর্বশেষ প্রযুক্তি, উন্নত ভিডিও অনুসন্ধান বিশ্লেষণ, বায়োমেট্রিক ভিত্তিক ব্যবস্থা এবং একটি ভবিষ্যৎ প্রযুক্তি এবং/অথবা নিয়ন্ত্রক পরিবর্তনের সুযোগসহ স্থিতিস্থাপক নকশা।

টেকসই উন্নয়নের মধ্যে থাকবে নবায়নযোগ্য শক্তির প্রযুক্তি ব্যবহার যেমন সৌর গরম পানি, আকাশযানের বরফ অপসারণ ও তরল পুনরুদ্ধার, এবং পুরো বিমানবন্দরে ডিজেল গ্রাউন্ড সেবার সরঞ্জামের পরিবর্তে ইলেকট্রিক শক্তির গ্রাউন্ড সেবা ফ্লিট, যেমন ব্যাগেজ ট্রাক্টর ও বেল্ট লোডার।

নতুন টার্মিনাল এক গঠনের পরিকল্পনা বিমানবন্দরটির রূপান্তরের অন্য তিনটি মুখ্য উপাদানের কাজের গতিবেগের উপর হচ্ছে। পোর্ট অথোরিটির কমিশনারদের বোর্ড 3.9 বিলিয়ন মার্কিন ডলার দিয়ে নতুন টার্মিনাল 6-র নির্মাণকাজ অগাস্ট মাসে অনুমোদন করে, যা JFK মিলেনিয়াম পার্টনার্স (JFK Millennium Partners) তৈরি করবে বিমানবন্দরের উত্তর পাশে যা জেটব্লুয়ের (JetBlue) বিদ্যমান টার্মিনালের সাথে সরাসরি সংযুক্ত হবে। 1.5 বিলিয়ন মার্কিন ডলারের টার্মিনাল 4 সম্প্রসারণ, যার নেতৃত্ব দিচ্ছে ডেল্টা (Delta) ও JFK আন্তর্জাতিক এয়ার টার্মিনাল (JFK International Air Terminal), বসন্তে অনুমোদিত হয়েছিলো এবং নিকট ভবিষ্যতে এর নির্মাণ কাজ শুরু হবে। উপরন্তু, 2019 সালের ডিসেম্বর মাসে 425 মিলিয়ন মার্কিন ডলারের JFK টার্মিনাল 8-র সম্প্রসারণ কাজ শুরু হয়, যার নেতৃত্ব দিচ্ছে আমেরিকান এয়ারলাইন্স (American Airlines), যারা টার্মিনালটি পরিচালনা করে, এবং ব্রিটিশ এয়ারওয়েজ (British Airways), যারা টার্মিনাল 7 থেকে টার্মিনাল 8-এ চলে আসবে, টার্মিনাল 7 নতুন টার্মিনাল 6 কে স্থান প্রদান করার জন্য ভেঙ্গে ফেলা হবে।

**পোর্ট অথোরিটির নির্বাহী পরিচালক রিক কটন বলেন,** "পোর্ট অথোরিটি আমাদের বিমানবন্দরগুলিকে পুনর্গঠন করে সেগুলিকে আমাদের অঞ্চলের প্রাপ্য বিশ্বমানের ফ্যাসিলিটিতে পরিণত করতে প্রতিশ্রুতিবদ্ধ। JFK-র নতুন টার্মিনাল এক প্রকল্পটি সেই প্রতিশ্রুতি পূরণ করে। আজকের ঘোষণা JFK বিমানবন্দর ও আমাদের অঞ্চলে বেসরকারি খাতের আত্মবিশ্বাসের কথা জোর দিয়ে বলে। মহামারীর চূড়ান্ত সময়ে, JFK বিমানবন্দর এর কোভিড-পূর্বকালীন যাত্রী সংখ্যার অচিন্তনীয় দুই শতাংশ যাত্রী পেয়েছে, আমরা এই বিশ্বের সেরাদের একটি হয়ে উঠতে ইচ্ছুক বিশ্বমানের টার্মিনালটিকে অগ্রসর করার পথ খোঁজা কখনোই বন্ধ

করিনি।আমরা গভর্নর হোকলকে বড় প্রকল্প সমর্থনে তার নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাচ্ছি।এবং আমরা আমাদের নিবেদিত দল ও অংশীদারদের JFK বিমানবন্দরকে নিউ ইয়র্ক ও অঞ্চলটির প্রাপ্য সেরা-শ্রেণীর বৈশ্বিক গেটওয়ে করার অবিশ্বাস্য প্রচেষ্টার জন্য ধন্যবাদ জানাচ্ছি।"

**পোর্ট অথোরিটির চেয়ারম্যান কেভিন ও'টুল বলেন,** "জন এফ. কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরে একটি নতুন টার্মিনাল এক গঠনের চুক্তিটি আমাদের এজেন্সির 100-বছরের ইতিহাসের সবথেকে কঠিন সময়ে আমাদের অঞ্চলের জন্য কাজ করতে নিউ ইয়র্ক ও নিউ জার্সির পোর্ট অথোরিটি এবং আমাদের বেসরকারি অংশীদারদের অঙ্গীকার প্রদর্শন করে। অত্যাধুনিক এই আন্তর্জাতিক গেটওয়ের কাজ অগ্রসর করে, এবং এটি যে অবিশ্বাস্য পরিমাণ বেসরকারি বিনিয়োগ নিয়ে আসে, তা হাজার হাজার ভালো বেতনের নির্মাণ চাকরি সৃষ্টি করবে যা মহামারী থেকে আমাদের পুনরুদ্ধারে অত্যন্ত গুরুত্বপূর্ণ, এবং একইসাথে আগামী দশকগুলির জন্য অর্থনৈতিক প্রবৃদ্ধির ভিত্তি গড়ে দিবে।"

JFK বিমানবন্দর এলাকার সবথেকে শক্তিশালী অর্থনৈতিক ইঞ্জিনগুলির একটি, এটি আনুমানিক 300,000 চাকরি সমর্থন করে যা বার্ষিক 16.2 বিলিয়ন মার্কিন ডলার বেতন প্রদান করে এবং সেই সাথে 45.7 বিলিয়ন মার্কিন ডলার বার্ষিক বিক্রয়ের ব্যবস্থা করে। মহামারি শুরুর আগে, 2019 সালে এয়ারপোর্টে 62.6 মিলিয়ন যাত্রী নিয়ে একটি রেকর্ড স্থাপন করেছিল।

## স্থানীয় কমিউনিটির সাথে অত্যন্ত নিকটভাবে জড়িয়ে JFK বিমানবন্দরের পুনঃউন্নয়ন করা

2018 সালে, JFK রিডেভেলপমেন্ট কমিউনিটি অ্যাডভাইসরি কাউন্সিল গঠন করা হয়। এটি U.S রিপ্রেজেন্টেটিভ জর্জ মিক্স এবং কুইন্স বরো প্রেসিডেন্ট ডেভোনান রিচার্ড-এর কো-চেয়ার করা এবং নির্বাচিত আধিকারিক, কমিউনিটি বোর্ড, ব্যবসা-বাণিজ্য এবং ননপ্রফিট অর্গানাইজেশন, নাগরিক অর্গানাইজেশন, দক্ষিণ-পূর্ব কুইন্সের স্থানীয় কমিউনিটির ক্লার্জি লিডার, দক্ষিণ-পশ্চিম কুইন্স, রকআওয়ে এবং নাসাউ কাউন্টির পশ্চিমের অঞ্চলগুলি সমেত গঠিত। এটির শুরুর সময় থেকেই, কমিউনিটির দিকে সহায়তার উদ্যোগের দিকে হাত বাড়িয়ে দেওয়ার জন্য এবং কমিউনিটি-নিবদ্ধ প্রোগ্রামকে বিকাশের জন্য কাউন্সিল পোর্ট অথরিটির সাথে কাজ করছে, এটি এই উচ্চাকাঙ্খী প্রকল্প স্থানীয় স্টেকহোল্ডারদের থেকে মতামত সংগ্রহ করতে নিশ্চিত করে এবং স্থানীয় ব্যবসা-বাণিজ্য, MWBE, শিক্ষার্থী এবং যারা কর্মসংস্থানের চেষ্টা করছে তাদেরকে আক্ষরিক অর্থে সহায়তা প্রদান করে।

প্রতিটি কাজের বিভাগে 30 শতাংশ সংখ্যালঘু এবং মহিলাদের মালিকানাধীন ব্যবসায়িক উদ্যোগ (MWBE) চুক্তির লক্ষ্যে গভর্নর দেশকে সামনের দিকে এগিয়ে নিয়ে যাবার প্রতিশ্রুতি সহ অগ্রসর হওয়ার পরিকল্পনা করবে এবং JFK রিডেভেলপমেন্ট প্রোগ্রাম, টার্মিনাল প্রকল্প সমেত স্থানীয় ব্যবসা-বাণিজ্যের সুযোগসুবিধার উপর বিশেষ মনোযোগ দেবে, যেটি সম্পূর্ণ প্রজেক্ট-লেবর চুক্তির মাধ্যমে শ্রমিক ইউনিয়ন তৈরি করবে। কমিউনিটির বিকাশের অন্যান্য উদ্যোগকে কাউন্সিল কর্মসংস্থান, স্থানীয়দের জন্য ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট প্রোগ্রাম, ছোট ব্যবসা-বাণিজ্যের দিকে উন্নতি এবং সহায়তার হাত বাড়িয়ে এবং স্থানীয় শিক্ষার্থীদের জন্য শিক্ষাগত প্রোগ্রামের মাধ্যমে গুরুত্ব দিয়ে থাকে।

2019-এর শুরুতে জামাইকা, কুইন্সে JFK রিডেভেলপমেন্ট কমিউনিটি সেন্টার খোলা হয়েছে, যা ব্যবসা-বাণিজ্যের সুযোগসুবিধা, স্থানীয় মানুষের কর্মসংস্থান অথবা এই প্রকল্প সম্পর্কে প্রতিবেশীরা আরও কিছু জানতে চাইলে সেই ব্যাপারে সহায়তা প্রদান করতে পারবে।

**নতুন টার্মিনাল একের নির্বাহী প্রধান ডাঃ জেরার্ড পি. বুশেল বলেন,** "গভর্নর হোকল ও পোর্ট অথোরিটির সমর্থনে, আমরা একটি বিশ্বমানের টার্মিনাল তৈরি করবো, নিউ ইয়র্ক স্টেটের দেশের-শীর্ষস্থানীয় MWBE অংশগ্রহণকে নতুন উচ্চতায় নিয়ে যাবো এবং আঞ্চলিক অর্থনৈতিক প্রবৃদ্ধি শুরু করতে সাহায্য করবো। এছাড়াও আমরা দক্ষিণপূর্ব কুইন্স সম্প্রদায় বিকাশ, এবং স্থানীয় কর্মসংস্থান বৃদ্ধি, শিক্ষা কর্মসূচি এবং ক্ষুদ্র ব্যবসার ধারণক্ষমতা বৃদ্ধিতে আমাদের বহু-বছরের "প্রতিশ্রুতি পূরণ করবো।"

**JLC ইনফ্রাস্ট্রাকচারের ম্যানেজিং পার্টনার জিম রেনল্ডস বলেন,** "গভর্নর হোকল, পোর্ট নির্বাহী পরিচালক রিক কটন এবং সম্পূর্ণ পোর্ট দল প্রকল্পটি বাস্তব করার জন্য নিরলসভাবে কাজ করেছে কারণ তারা সকল নিউ ইয়র্কবাসীর জন্য বাস্তব সুযোগ প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ। নতুন টার্মিনাল এক বিশ্বমানের একটি ফ্যাসিলিটি প্রদান করার জন্য স্থানীয় সম্প্রদায়কে জড়িত করার মাধ্যমে সরকারি-বেসরকারি অংশীদারিত্বের দৃষ্টান্ত বদলে দিয়েছে। এটি পুরো দেশে বড় অবকাঠামো প্রকল্পের মডেল হিসেবে কাজ করবে।"

**ইউলিকোর প্রধান নির্বাহী কর্মকর্তা এডওয়ার্ড এম. স্মিথ বলেন,** "আমরা পরিশ্রমী কুইন্স ও আঞ্চলিক বাসিন্দাদের জন্য ভালো চাকরির প্রতিশ্রুতি বাস্তব করার দিকে আরেকটি বড় ধাপ অগ্রসর হলাম। শ্রমের সাথে অংশীদারিত্ব, শিক্ষানবিশদের প্রদত্ত প্রতিশ্রুতি এবং স্থানীয় সম্প্রদায়ের উদ্যোগ সমর্থনের মাধ্যমে, নতুন টার্মিনাল এক JFK তৈরি এবং পরিচালনাকারী পরিশ্রমী মানুষের জন্য সুযোগ তৈরি করছে। আমরা গভর্নর হোকল ও আজকের দিনকে সম্ভব করতে তার অত্যাবশ্যকীয় সমর্থনের জন্য তার প্রশংসা করছি।"

**নিউ ইয়র্ক সিটি মেয়র এরিক অ্যাডামস বলেন,** "আমাদের বিমানবন্দরগুলি হল বহির্বিশ্বের জন্য আমাদের পোর্টাল, এবং তাদের অবশ্যই স্বাগত, নিরাপদ, আমাদের বহুমাত্রিক বিশ্বের নেতৃস্থানীয় শহরের প্রতিনিধি হতে হবে। JFK বিমানবন্দরে এই বিশাল বিনিয়োগ আমাদের সবথেকে গুরুত্বপূর্ণ বন্দরের আধুনিকায়ন করবে, বিমানের যাত্রীদের ভ্রমণ অভিজ্ঞতা উন্নত করবে, এবং আমাদের স্থানীয় অর্থনীতিতে বিলিয়ন বিলিয়ন ডলার যোগ করবে। আমি এই ঐতিহাসিক অবকাঠামো চুক্তি ঠিক করার জন্য গভর্নর হোকল ও পোর্ট অথোরিটির প্রশংসা করছি।"

**কংগ্রেসম্যান গ্রেগরি ডব্লিউ. মিকস বলেন,** "আমি এই চুক্তিতে পৌঁছানোর জন্য গভর্নর হোকল ও পোর্ট অথোরিটির প্রশংসা করছি। JFK পুনর্গঠন কমিউনিটি উপদেষ্টা পরিষদের সহসভাপতি হিসেবে, পোর্ট অথোরিটির সাথে কাজ করে MWBE-কে এবং স্থানীয় ভিত্তিক উদ্যোগসমূহকে লাভবান করে এমন হাজার হাজার কর্মসংস্থান সৃষ্টির জন্য কাজ করা আনন্দদায়ক ছিলো। আমি পোর্ট অথোরিটির নির্বাহী পরিচালক রিক কটনের নেতৃত্বের জন্য তার

প্রশংসা করছি। যখন রূপান্তরটি শেষ হবে, নিউ ইয়র্ক আন্তর্জাতিক অত্যাধুনিক একবিংশ শতাব্দীর বিমানবন্দরের ক্ষেত্রে বিশ্বকে নেতৃত্ব দিবে।"

**কুইন্স বরোর প্রেসিডেন্ট ডনোভান রিচার্ড জুনিয়র বলেন,** "আমি অত্যন্ত আনন্দিত যে টার্মিনাল এক প্রকল্পটি সম্মুখে অগ্রসর হচ্ছে এবং দ্রুতই JFK বিমানবন্দরে একটি চকচকে নতুন আন্তর্জাতিক টার্মিনাল তৈরি হবে। নতুন টার্মিনাল এক আমাদের MWBE ফার্ম ও ব্যবসাসমূহের জন্য অর্থনৈতিক সুযোগে এবং দারুণ সুযোগসুবিধার পূর্ণ থাকবে যা একে 'বিশ্বের বরোতে' আগত বা এখান থেকে বহির্গমনকারী আন্তর্জাতিক ভ্রমণকারীদের জন্য একটি স্বাগত স্থানে পরিণত করবে। গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক ও নিউ জার্সির পোর্ট অথোরিটির নিরলস কাজ ও অংশীদারিত্বের জন্য তাদের সকলকে অনেক ধন্যবাদ।"

**অ্যাসেম্বলিওম্যান স্টেসি ফেফার আমাটো বলেন,** "আমি এটি দেখে অত্যন্ত খুশি যে টার্মিনাল 1-র অতি প্রয়োজনীয় রূপান্তর হবে এবং এটি কুইন্স বরোর উপযোগী একটি বিশ্বমানের আন্তর্জাতিক টার্মিনাল নির্মাণে প্রয়োজনীয় বিনিয়োগ পাবে। আমরা বেড়াতে আসা সকলকে এই বার্তা দিচ্ছি যে নিউ ইয়র্ক সাহসী, এবং সকলকেই এখানে স্বাগত জানানো হয়। আমাদের পুরনো বিমানবন্দর অবকাঠামোতে বিনিয়োগ করা এখনকার মতো কখনোই এতো গুরুত্বপূর্ণ ছিলো না, এবং আমি খুশি যে গভর্নর হোকল, পোর্ট অথোরিটি, এবং NTO গ্রুপ একত্রিত হতে পেরেছে। প্রকল্পটি কুইন্স অতি প্রয়োজনীয় কর্মসংস্থান সৃষ্টি করবে এবং স্থানীয় বিক্রেতাদের জন্য নিউ ইয়র্ক সিটির 'সদর দরজায়' কুইন্সের সংস্কৃতি তুলে ধরার সুযোগ প্রদান করবে।"

**অ্যাসেম্বলিমেম্বার ভিভিয়ান কুক বলেন,** "আমি অতিশয় আনন্দিত যে এই অতি প্রয়োজনীয় অবকাঠামো প্রকল্পটির কাজ আনুষ্ঠানিকভাবে হচ্ছে। বিশ্বের ব্যস্ততম শহরগুলির একটি হিসেবে, উন্নত ভ্রমণ অবকাঠামো নিউ ইয়র্ক সিটির অধিকার।"

**গ্রেটার নিউ ইয়র্কের ভবন ও নির্মাণ বাণিজ্য পরিষদের প্রেসিডেন্ট গ্যারি লাবারবারা বলেন,** "JFK আন্তর্জাতিক বিমানবন্দরে একটি নতুন টার্মিনাল 1 ফ্যাসিলিটিটিকে একটি বিশ্বমানের পরিবহন হাবে পরিণত করবে, একই সাথে নির্মাণের মাধ্যমে লাখ লাখ মধ্যবিত্ত ক্যারিয়ার সৃষ্টির মাধ্যমে নিউ ইয়র্ক সিটিতে এবং এর কর্মজীবী মানুষের জন্য ঐতিহাসিক বেসরকারি বিনিয়োগ চালিত করবে। আমরা এই বিশাল প্রকল্পটি অগ্রসর করার ক্ষেত্রে গভর্নর হোকলের নেতৃত্বের জন্য তার প্রশংসা করছি এবং একটি সেরা শ্রেণীর, বিশ্বে সুপরিচিত ফ্যাসিলিটি বানাতে কাজ করার জন্য উন্মুখ।"

**কাউন্সিল মেম্বার হিসেবে নির্বাচিত নাতাশা এম. উইলিয়ামস (D-27) বলেন,** "JFK পুনর্গঠন কর্মসূচির সাবেক কমিউনিটি রিলেশন্স এবং এক্সটার্নাল অ্যাফেয়ার্স ম্যানেজার হিসেবে, আমি জানি যে JFK আন্তর্জাতিক বিমানবন্দর সুধু কুইন্সের মানুষের নয়, বরং সকল নিউ ইয়র্কবাসী ও ট্রাই-স্টেট এলাকার বাসিন্দারও অংশীদার। JFK-র টার্মিনাল এক বিমানবন্দরে এই বিনিয়োগ মহামারী থেকে বের হয়ে আমরা যাতে আগের থেকেও ভালো অবস্থায় যেতে পারি তা নিশ্চিত করতে গভর্নর হোকলের নিবেদন ও স্থিতিশীল নেতৃত্ব প্রদর্শন করে। আমি JFK বিমানবন্দরের প্রতি গভর্নর এবং নতুন টার্মিনাল একের প্রতিশ্রুতির জন্য তাদের প্রশংসা করছি এবং সম্প্রদায়কে কেন্দ্রে রেখে ডলারগুলো যাতে কার্যকরভাবে খরচ করা হয় তা নিশ্চিত করতে

একটি শক্তিশালী অংশীদার হয়ে উঠতে উন্মুখ। আজকে আমরা উদযাপন করবো, এবং দিনগুলিতে আমরা আরো ভালো অবস্থানে ফেরত যাওয়ার জন্য অধ্যবসায় দিয়ে কাজ করতে থাকবো।"

**কাউন্সিল মেম্বার আই. ডানিক মিলার বলেন,** "দক্ষিণপূর্ব কুইন্স বহু আন্তর্জাতিক ভ্রমণকারীর জন্য শহরের সদর দরজার মতো, এবং এটি দারুণ যে আমরা আমাদের এলাকায় বিশ্বমানের বিনিয়োগ পেতে যাচ্ছি। আরো গুরুত্বপূর্ণ ব্যাপার, আমাদের ছোট ও স্থানীয় ব্যবসাসমূহের সাথে একটি শক্তিশালী অংশীদারিত্ব থাকা এবং একইসাথে MWBE-কে প্রক্রিয়ার একটি অংশ করা অত্যাবশ্যকীয়। এই আকারের একটি প্রকল্পের জন্য সম্প্রদায়কে জড়িত করা অতি জরুরি, এবং আমরা প্রকল্পটির এই দিকটিকে অগ্রাধিকার প্রদান করেছেন যেসকল অংশীদারগণ, তাদের প্রতি কৃতজ্ঞ।"

**গ্রেটার জ্যামাইকা ডেভেলপমেন্ট কর্পোরেশনের অন্তর্বর্তী প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা জাস্টিন রজার্স বলেন,** "নতুন টার্মিনাল এক দক্ষিণপূর্ব কুইন্সের জন্য দারুণ একটি সুযোগ। আমরা গভর্নর ও স্টেটকে সমর্থন করার জন্য প্রস্তুত যেহেতু তারা এই বিশাল অবকাঠামো উদ্যোগ সমর্থনে যোগ্য ব্যবসা অনুসন্ধান করছেন।"

**পার্টনারশিপ ফর নিউ ইয়র্ক সিটির প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন ক্যাথরিন ওয়াইল্ড বলেন,** "JFK-র বিকাশ প্রদর্শন করে যে কীভাবে গভর্নর হোকল অঞ্চলের পরিবহন অবকাঠামোর আধুনিকায়ন ত্বরান্বিত করেছেন, তিনি এই প্রধান উন্নয়নকাজগুলিকে সময়মত ও বাজেটের মধ্যে শেষ করা নিশ্চিত করতে সরকারি-বেসরকারি অংশীদারিত্ব ব্যবহার করছেন। এটি একটি মডেল যা দেখায় কীভাবে তিনি নতুন ফেডারেল তহবিল কর্মসূচি ব্যবহার করে স্টেটের পুরনো অবকাঠামো উন্নত করছেন।"

**নিউ ইয়র্ক বিল্ডিং কংগ্রেসের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা কার্লো এ. সিজুরা বলেন,** "নিউ ইয়র্ককে প্রতিযোগী করে রাখতে আমাদেরকে অবশ্যই একবিংশ শতাব্দীর অবকাঠামো গঠন করে ভালো কর্মসংস্থান সৃষ্টি করতে হবে। গভর্নর হোকলের আজকের ঘোষণা ঠিক তাই করবে। নবায়িত চুক্তিটি JFK-কে একটি বিশ্বমানের বিমানবন্দরে পরিণত করবে যা দেশের বাকি সকলের ঈর্ষার কারণ হবে। আমরা নিউ ইয়র্কের অবকাঠামোতে বিনিয়োগ অব্যাহত রাখার জন্য এবং তা করলে যে কর্মসংস্থান ও সুযোগ সৃষ্টি হবে তা বুঝতে পাড়ার জন্য গভর্নর হোকলের প্রশংসা করছি।"

**ইয়র্ক কলেজ/CUNY-র প্রেসিডেন্ট, ডাঃ বেরেনেসিয়া জনসন ইনস বলেন,** "এটি একটি দারুণ সংবাদ এবং আমরা ও সম্প্রদায়কে প্রশিক্ষণ, চাকরি, এবং ইন্টার্নশিপ প্রদানের জন্য JFK বিমানবন্দরের সাথে অংশীদারিত্ব করতে উন্মুখ।"

**কুইন্স চেম্বার অফ কমার্সের (Queens Chamber of Commerce) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা টমাস জে. গ্রেক বলেন,** "জন এফ. কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরে এই বিনিয়োগ কুইন্স ও সম্পূর্ণ অঞ্চলের জন্য একটি রূপান্তরকারী প্রভাব ফেলবে, আমাদের পরিবহন অবকাঠামোর একটি অতি জরুরি অংশের উন্নয়ন করবে, কর্মসংস্থান এবং আমাদের

স্থানীয় ব্যবসাকে সমর্থন করে এমন অনুঘটক অর্থনৈতিক কর্মকাণ্ড সৃষ্টি করবে। কুইন্স এভিয়েশন বরো হতে পেরে গর্বিত, এবং আমাদের ব্যবসা সম্প্রদায় আমাদের অর্থনৈতিক পুনরুদ্ধারের সমর্থনে আমাদের বিমানবন্দরসমূহের উপর নির্ভর করতে থাকবে। কুইন্স চেম্বার অফ কমার্সের 1,400 ব্যবসা সদস্যের পক্ষ থেকে, আমি এই দারুণ ঘোষণার জন্য গভর্নর হোকল ও পোর্ট অথোরিটির প্রশংসা করছি। কুইন্স চেম্বার অফ কমার্সের 1,400 ব্যবসা সদস্যের পক্ষ থেকে, আমি এই দারুণ ঘোষণার জন্য গভর্নর হোকল ও পোর্ট অথোরিটির প্রশংসা করছি।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন